

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ : ২৩ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ/০৭ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ২৫৫-আইন/আয়কর/২০২১।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র এর কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করিবার লক্ষ্যে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভৌত সুরক্ষা ব্যবস্থা (Physical Protection System) নির্মাণ শীর্ষক প্রকল্পের কাজে আমদানিতব্য যন্ত্রপাতি, ম্যাটেরিয়াল, যন্ত্রাংশ এর উপর আমদানি পর্যায়ে প্রযোজ্য উৎসে অগ্রিম আয়কর হইতে নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালন সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তসমূহ

- (১) এই প্রজ্ঞাপনের অধীন আমদানিতব্য পণ্যের আমদানিকারক হইবে Joint-Stock Company Federal Center for Science and High Technology Special Scientific and Production Enterprise Eleron, Russia (JSC FCS & HT SSPE Eleron) বা তৎকর্তৃক নিয়োজিত প্রত্যক্ষ সাব-কন্ট্রাক্টর;
- (২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভৌত সুরক্ষা ব্যবস্থা নির্মাণ সংশ্লিষ্ট আমদানি বিলসমূহ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক প্রত্যয়িত হইতে হইবে;

(১১৩০১)

মূল্য : টাকা ৪.০০

- (৩) বৃপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভৌত সুরক্ষা ব্যবস্থা নির্মাণ প্রকল্প চলাকালীন এই অব্যাহতি কার্যকর থাকিবে;
- (৪) বৃপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভৌত সুরক্ষা ব্যবস্থা নির্মাণের সহিত সংশ্লিষ্ট নহে এইরূপ কোনো আমদানি বিলের ক্ষেত্রে উক্ত অব্যাহতি প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।